# ALL INDIA RADIO, SILCHAR

******************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date:- 09-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

**-------------------------------------**

১) উত্তরপূর্বাঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি উন্নত হবার পরিপ্রেক্ষিতে অঞ্চলটির ৮০ শতাংশ এলাকা থেকে সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন প্রত্যাহার করা হয়েছে বলে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের উত্তর লখিমপুরে নির্বাচনী সভায় প্রকাশ/ কাজিরাঙায় কংগ্রেস সভাপতি ভূপেন বরা, মার্গারিটায় আম আদমি পার্টির নেত্রী অতিশীর দলীয় প্রার্থীর হয়ে প্রচার।

২) দেশের ১৩ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৮৮ টি আসনের জন্য অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনে এক হাজার ২১০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন বলে নির্বাচন কমিশনের প্রকাশ।

৩) লক্ষ্য যেমনই কঠিন হোক না কেন আমাদের দেশ সেই লক্ষ্যে উপনীত হওয়া নিশ্চিত বলে বিজেপির প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন্তব্য।

এবং

৪) লোকসভা নির্বাচনের জন্য ভোটদাতাদের সচেতন করার উদ্দেশ্যে বরাক উপত্যকার তিন জেলায়ও ব্যাপক কার্যসূচি গ্রহন।

----------------------------------------------------------------------

প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সংগে সংগে বিভিন্ন রাজনৈতিক দল ভোটদাতাদের মন জয় করার জন্য নানাভাবে প্রচার চালানো সহ রাজনৈতিক দলগুলির তারকা প্রচারকরা এসে প্রচার জোরদার করে তুলেছেন ।বিজেপির প্রবীন নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ বিকেলে উত্তর লখিমপুরে এক জনসভায় অংশ গ্রহণ করেন ।লখিমপুর লোকসভা আসনের চুকুলীভরীয়ায় ঐ আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী প্রদান বরুয়ার সমর্থনে এক জনসভায় ভাষন দেবার সময় শ্রী শাহ বলেন যে উত্তরপূর্বাঞ্চল দেশের সফলতার কাহিনী হিসেবে আত্মপ্রকাশ করেছে । বিগত ১০ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ৯ হাজার ৫০০-এর অধিক উগ্রপন্থী সদস্য আত্মসমর্পন করে সমাজের মূলস্রতে ফিরে এসেছে বলে তিনি উল্লেখ করেন ।অঞ্চলটির নিরাপত্তা পরিস্থিতি উন্নত হোয়ার পরিপ্রেক্ষিতে সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন উত্তরপূর্বের ৮০ শতাংশ এলাকা থেকে প্রত্যাহার করা হয়েছে বলে শ্রী শাহ মন্তব্য করেন । এই কার্যসূচীতে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সহ বেশ কিছু সংখ্যক দলীয় নেতা কর্মী উপস্থিত ছিলেন ।

শ্রী শাহ আজ সন্ধ্যায় তিনসুকিয়ায় চলিহা নগর থেকে থানা চারিআলি পর্যন্ত একটি পথযাত্রায় অংশ নেন ।ডিব্রুগড় আসনে বিজেপি মিত্রজোটের প্রার্থী তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের হয়ে স্বরাষ্ট্রমন্ত্রী প্রচার কার্যসূচীতে অংশ নেবেন । এই আসনে বিরোধী ঐক্যমঞ্চের প্রার্থী লুরিনজ্যোতি গগৈ ও আম আদমী দলের প্রার্থী মনোজ ধানোয়ার প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

এদিকে আম আদমী দলের নেত্রী অতিশী গতকাল দুলিয়াজানে দলীয় প্রার্থীর হয়ে প্রচার চালান পরে মার্ঘারিটায় এক জনসভায় অংশগ্রহন করেন ।নেত্রীর আজ তিনসুকিয়ায় ও আগামীকাল তেজপুরে দলীয় প্রার্থী মনোজ ধানোয়ার ও ঋষিরাজ কৌন্দিন্যর হয়ে প্রচার চালানোর কথা রয়েছে ।

কংগ্রেস দলের যোরহাট আসনের প্রার্থী গৌরব গগৈর সমর্থনে ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রয়েছে ।এদিকে ঐ আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী তপন কুমার গগৈর হয়ে মন্ত্রী অজন্তা নেওগ শিবসাগরে চারটি নির্বাচনী সভায় অংশ গ্রহণ করেন ।অন্যদিকে ধুবরী লোকসভা আসনের কংগ্রেস দলের প্রার্থী রকিবুল হুসেইন আজ বরপেটা জেলার বিভিন্ন স্থানে প্রচার চালান ।উল্লেখ্য সমষ্টি পুর্ননির্ধারণের ফলে বরপেটা জেলার মন্দিয়া ও চেঙা বিধানসভা কেন্দ্র ধুবরী লোকসভা আসনের অর্ন্তগত হয়েছে ।

রাজ্যে প্রথম পর্যায়ে লোকসভা নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠেয় ৫ টি সংসদীয় আসনের জন্য মোট ৩৫ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । মাজুলীতে আজ মন্ত্রী পীযুষ হাজারিকা বিজেপি মিত্রজোটের যোরহাট আসনের প্রার্থীর হয়ে প্রচার চালান ।

শিবসাগর জেলার রাজীব ভবনে আজ কংগ্রেস দল এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে দলের গ্যারেন্টি কার্ড ও ইস্তাহার সম্পর্কে আলচনা করে । সাংবাদিক সম্মেলনে দলের কার্যকরী সভাপতি জাকির হুসেইন সিকদার কেন্দ্রে কংগ্রেস দল সরকার গঠন করলে জাতিগত লোকগননার ক্ষেত্রে দল কাজ করবে বলে মত প্রকাশ করেন ।

মরিয়ানী আসনে যোরহাট জেলা বিজেপি আজ মান্ডলিক মুখ্য নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন করে ।এদিকে কোকরাঝার লোকসভা আসনের চিরাং জেলার বিজনীতে আজ বিজেপি মিত্রজোটের নির্বাচনী কার্যালয় উদ্ভোধন করা হয় ।অনুষ্ঠানে মন্ত্রী রঞ্জিত কুমার দাস ও বিটিআরের মুখ্য কার্যবাহী সদস্য প্রমোদ বরো উপস্থিত ছিলেন ।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায় ও ক্ষমতাসীন বিজেপি সহ বিরোধী কংগ্রেস সহ অন্যান্য রাজনৈতিক দলগুলি প্রচার অভিযান অব্যাহত রেখেছে ।

করিমগঞ্জ জেলার চেরাগী গ্রামপঞ্চায়েতের অর্ন্তগত রংপুর কমিউনিটি হলে করিমগঞ্জ লোকসভা আসনের বিজেপি প্রার্থী কৃপানাথ মালাহর সমর্থনে বিধায়ক বিজয় মালাকার সহ আরো বেশ কয়েকজন নেতা কর্মী প্রচার চালান ।

-------------------------------------------------------------------

নির্বাচন কমিশন দেশের ১৩ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৮৮ টি আসনে অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য এক হাজার ২১০ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন বলে নিশ্চিত করেছে ।এই আসনগুলির জন্য মোট দুহাজার ৬৩৩ টি মনোনয়নপত্র দাখিল করা হয়েছিল । দ্বিতীয় পর্যায়ের জন্য গতকাল মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ছিল । এই পর্যায়ের ভোটগ্রহণ আগামী ২৬ শে এপ্রিল অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------

নাগরিকত্ব সংশোধনী আইন কার্যকর করতে কেন্দ্রীয় সরকারের জারি করা বিজ্ঞপ্তীর বৈধতা সম্পর্কে আজ সুপ্রীম কোর্টে যে শুনানি গ্রহণ করার ছিল তা আজ উত্থাপন করা হয়নি । কেন্দ্রীয় সরকারের গত ১১ ই মার্চ জারি করা নির্দেশাবলী স্থগিত রাখতে আসাম সম্মিলিত মহাসংঘ সহ বিভিন্ন পক্ষের দাখিল করা ২০ টি আবেদনের পরিপ্রেক্ষিতে এই শুনানি গ্রহনের কথা ছিল । উল্লেখ্য সুপ্রীম কোর্টে এই আইনের অধীনে ২৩৭ টি মামলা বিচারাধীন রয়েছে ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী তথা বিজেপির প্রবীন নেতা নরেন্দ্র মোদী বলেছেন যে লক্ষ্য যেমনই কঠিন হউক না কেনো আমাদের দেশ সেই লক্ষে উপনীত হোয়া নিশ্চিত । উত্তরপ্রদেশের পিলিভিতে এক নির্বাচনী সভায় ভাষন দেবার সময় শ্রী মোদী একথা বলেন ।এই অনুপ্রেরণা এবং শক্তি নিয়ে কেন্দ্রীয় সরকার ভারতকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে কাজ করে চলেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন কোনো একটি দেশ শক্তিশালী হলেই সমগ্র বিশ্ব সেই দেশকে অনুসরণ করে চলে বলে শ্রী মোদী প্রকাশ করেন ।দেশে যুব প্রজন্মের জন্য নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের জন্য ভোটদাতাদের সচেতন করার উদ্দেশ্যে বরাক উপত্যকার তিন জেলায়ও ব্যাপক কার্যসূচি অব্যাহত রয়েছে।

কাছাড় জেলা প্রশাসনের এস ভি ই ই পি সেলের উদ্যোগে আজ রাজাবাজার উন্নয়ন খন্ডের মিলনায়তনে ভোটার সচেতনতা সভা অনুষ্ঠিত হয় । সভায় নেহেরু যুব কেন্দ্রের উপ-সঞ্চালক মেহবুব আলম লস্কর আসন্ন লোকসভা নির্বাচনে ভোটদানের হার বৃদ্ধি নিয়ে জেলা প্রশাসন গৃহীত বিভিন্ন পদক্ষেপের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । তিনি বিগত বিধানসভা নির্বাচনে লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের কয়েকটি ভোটগ্রহণ কেন্দ্রে আশানুরূপ ভোটদান না হওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করে আসন্ন লোকসভা নির্বাচনে সকলকে সক্রিয়ভাবে নিজ নিজ ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত হয়ে ভোটদান করার আহ্বান জানান ।
অনুরূপভাবে আজকের দ্বিতীয় সচেতনতা সভা বাঁশকান্দি উন্নয়ন খন্ডে অনুষ্ঠিত হয় ।

---------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনে ভোটদানের হার বৃদ্ধি করতে আজ হাইলাকান্দি জেলার আলগাপুরে এস আর এল এমের গ্রামীন জীবিকা মিশনের উদ্যোগে জীবিকা সখীদের নিয়ে সচেতনতা সভা সহ এক র‍্যালী অনুষ্ঠিত হয় । সবায় জীবিকা সখী সহ অন্যান্যরা আসন্ন নির্বাচনে ভোটদান করার অঙ্গীকার করে শপথ নেন । সভার শেষে এক শোভাযাত্রা আলগাপুর এলাকার প্রধান সড়ক পরিক্রমা করে ।

---------------------------------------------------------------------------

আগামী ২৬ শে এপ্রিল শিলচর সংসদীয় আসনে ভোটগ্রহণের পরিপ্রেক্ষিতে কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা এম সি সি সেলের দায়িত্বপ্রাপ্ত এই আসনের সব প্রতিদ্বন্দী প্রার্থী এবং রাজনৈতিক দলগুলিকে আদর্শ আচরণ বিধি মেনে চলার আহ্বান জানিয়েছেন । এই বিধি বলবৎ থাকা অবস্থায় পারস্পরিক দ্বন্দ ,ঘৃণা ,দূরত্ব সৃষ্টিকারী কার্যকলাপে লিপ্ত হওয়া যাবে না ,এছাড়া রাজনৈতিক কর্মকান্ডের তথ্যভিত্তিক আলোচনা ছাড়া অন্য দলের প্রার্থী ,নেতা দলীয় কর্মকর্তাদের ব্যাক্তিগত জীবন নিয়ে সমালোচনা করা যাবেনা । যেকোনো ধর্মীয় স্থানকে রাজনৈতিক প্রচারের স্থান হিসেবে ব্যাবহার করা যাবেনা এবং জাতি ধর্ম,সম্প্রদায়ের নামে ভোটদানের আবেদন জানানো যাবেনা । কোনোধরণের অনৈতিক আচরণ যেমন উৎকোচ প্রদান ,ভয় ভীতি প্রদর্শন ,

ছদ্মবেশে ভোটদান ,ভোটকেন্দ্রের একশো মিটারের ভেতরে প্রচার কার্য চালানো ,ভোট গ্রহণ শেষ হবার নির্দিষ্ট সময় অর্থাৎ ৪৮ ঘন্টার ভেতর জনসভা করা ,ভোটারদের ভোটগ্রহণ কেন্দ্রে পরিবহনের সুবিধার্থে রাজনৈতিক দল বা প্রার্থীর পক্ষ থেকে যানবাহন ইত্যাদি প্রদান করা যাবে না ।জনসাধারণের শান্তিপূর্ণ জীবন যাত্রাকে ব্যাহত করে তাদের বাড়ীর সামনে ধর্ণা ,পিকেটিং ইত্যাদি করা যাবেনা । এছাড়া বাড়ির দেওয়ালে অনুমতি ছাড়া শ্লোগান লেখা পতাকা ,পোস্টার ব্যানার লাগানো যাবেনা । সেইসঙ্গে মিছিলে অন্য কোনো রাজনৈতিক দলের নেতার প্রতিকৃতি বহন বা দাহ করা যাবেনা ।ভোটগ্রহণ প্রক্রিয়ার বিষয়ে কোনো অভিযোগ থাকলে তা নির্বাচন কমিশন দ্বারা নিযুক্ত পর্যবেক্ষক ,রিটানিং অফিসার জোনাল বা সেক্টর ম্যাজিস্ট্রেট এবং দেশের নির্বাচন কমিশনকে জানাতে হবে ।

এদিকে কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা এম সি সি সেলের দায়িত্বপ্রাপ্ত শিলচর সংসদীয় আসনে প্রত্যেক প্রতিদ্বন্দী প্রার্থী এবং রাজনৈতিক দলের সভাপতি/সম্পাদককে নির্বাচনী ইস্তাহার তৈরী করার জন্য দেশের নির্বাচন কমিশনের নীতি নির্দেশিকা প্রদান করে তা পালনের আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচন আধিকারিক রোহন কুমার ঝা গতকাল এক নির্দেশ জারী করে বলেছেন যে জেলার বিভিন্ন কার্যালয়ের প্রধান এবং শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যাঙ্ক সহ সরকারী আধিকারিক ,কর্মচারীরা জেলা নির্বাচন আধিকারিকের অনুমতি ছাড়া আগামী চৌঠা জুন নির্বাচনী প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত জেলা সদর থেকে বের হতে পারবেন না । নির্দেশে আরো বলা হয়েছে যে আগামী ২৬ শে এপ্রিল জেলায় লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে প্রস্তুতিমূলক কাজ চলছে এবং নির্বাচন ঘোষণার পর থেকে জেলার সব সরকারী বিভাগের আধিকারিক ও কর্মচারী জেলা নির্বাচন আধিকারিকের তত্বাবধানে রয়েছেন । ইতিমধ্যে এ সংক্রান্ত নিযুক্তিপত্র জারী করা হয়েছে এবং বাকী থাকা নিযুক্তিপত্র প্রস্তুতির কাজ ও জারী করার প্রক্রিয়া চলছে বলেও নির্দেশ উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায়  ঈদ-উল-ফিতর উৎসব শান্তিপূর্ণভাবে উদযাপন করতে আজ জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে তাঁর কার্যালয়ের সভাকক্ষে জেলার ইদগাহ কমিটির কর্মকর্তাদের সঙ্গে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় জেলাশাসক এই উৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উদযাপন করতে সকলের সহযোগীতা কামনা করেন । তিনি ইদের নামাজের সময় যদি কোনোধরণের অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হয় অথবা খবর পাওয়া যায় তবে তৎক্ষণাৎ তা পুলিশকে জানাতে পরামর্শ দেন । সভায় পুলিশ সুপার পার্থপ্রতীম দাস বলেন যে এই উৎসব যাতে সমগ্র জেলায় শান্তিপূর্নভাবে উদযাপন করা হয় তার জন্য পুলিশ বিভাগ প্রস্তুত রয়েছে । উৎসবের দিন যানবাহন সুষ্ঠুভাবে চলাচলের জন্য পুলিশ বিভাগের যানবাহন শাখা থেকে রোড প্ল্যান তৈরী করতেও সভায় নির্দেশ দেওয়া হয় ।

---------------------------------------------------------------------------